

🔳 আল-আন'আম | Al-An'am | اُلْأَنْعَام

আয়াতঃ ৬:৬৬

া আরবি মূল আয়াত:

আর তোমার কওম তা অস্বীকার করেছে, অথচ তা সত্য। বল, 'আমি তোমাদের উপর তত্ত্বাবধায়ক নই'। — আল-বায়ান

তোমার কওম তা (অর্থাৎ 'আযাবকে) মিথ্যে মনে করছে কিন্তু তা প্রকৃত সত্য। বল, আমি তোমাদের কর্মবিধায়ক নই। — তাইসিরুল

তোমার সম্প্রদায়ের লোকেরা ওকে মিথ্যা প্রতিপন্ন করছে, অথচ ওটা প্রমানিত সত্য। তুমি বলে দাওঃ আমি তোমাদের উকিল হয়ে আসিনি। — মুজিবুর রহমান

But your people have denied it while it is the truth. Say, "I am not over you a manager." — Sahih International

৬৬. আর আপনার সম্প্রদায় তো ওটাকে মিথ্যা বলেছে অথচ ওটা সত্য। বলুন, আমি তোমাদের কার্যনির্বাহক নই।

তাফসীরে জাকারিয়া

- (৬৬) তোমার সম্প্রদায় তো ওটাকে[1] মিথ্যা বলেছে অথচ তা সত্য। বল, 'আমি তোমাদের উকীল (কার্যনির্বাহক) নই।' [2]
 - [1] এ এর 'মারজা' বা পূর্বপদ ('ওটা' বলতে উদ্দেশ্য) হল কুরআন কিংবা আযাব। (ফাতহুল ক্লাদীর)
 - [2] অর্থাৎ, আমাকে এই দায়িত্ব দেওয়া হয়নি যে, আমি তোমাদেরকে হিদায়াতের পথে এনেই ছাড়ব। বরং আমার কাজ কেবল দাওয়াত ও তবলীগ করা। ﴿فَمَنْ شَاءَ فَلْيُوّْمِنْ وَمَنْ شَاءَ فَلْيُكُفُنُ ﴿ وَمَنْ شَاءَ فَلْيُكُفُنُ ﴾ সুতরাং যার ইচ্ছা সে বিশ্বাসী হোক, আর যার ইচ্ছা সে অবিশ্বাসী হোক। (সূরা কাহ্ফ ২৯)

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন